

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, বাজেট অধিশাখা-৩
www.mof.gov.bd



স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০৬.২০(অংশ)-৯৬২


তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৭
২৬ নভেম্বর ২০২০

বিষয়ঃ **IBAS++-এর অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষকদের বেতন - ভাতাদি EFT-এর মাধ্যমে প্রদান।**

সূত্রঃ নং- এসপিএফএমএস কর্মসূচি কার্যালয়ের পত্র নং-০৭.০০.০০০০.০০০.৪০.০৩৫.২০-১৮৮; তারিখঃ ২৪.১১.২০২০

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে সরকারের আর্থিক ব্যবস্থাপনা আরো সুসংহত করার নিমিত্ত গেজেটেড কর্মকর্তাদের ন্যায় নন-গেজেটেড সকল সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা অনলাইনে দাখিল ও ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT)-এর মাধ্যমে প্রেরণের উদ্যোগ নেওয়া হয়েছে। ইতোমধ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের সচিবালয় ও অধিদপ্তর/পরিদপ্তরের প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীসহ মাঠপর্যায়ের অনেক দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ EFT-এর মাধ্যমে বেতন-ভাতাদি পাচ্ছেন। এরই ধারাবাহিকতায় আগামী ০১ জানুয়ারি, ২০২১ তারিখ হতে বাংলাদেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন-ভাতাদি অনলাইনে দাখিল এবং স্ব স্ব ব্যাংক হিসাবে EFT-এর মাধ্যমে পরিশোধের লক্ষ্যে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

২। বর্ণিত প্রেক্ষাপটে, আগামী ০১ জানুয়ারি ২০২১ হতে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন-ভাতা অনলাইনে দাখিল এবং EFT-এর মাধ্যমে অর্থ পরিশোধের লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও সার্বিক সহযোগিতা করার নিমিত্ত মাঠপর্যায়ের হিসাবরক্ষণ অফিসসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ তোহিদুল ইসলাম)

উপসচিব

☎ ৯৫৬৩১৮৬

ইমেইল: touhiduli@financ.gov.bd

হিসাব মহানিয়ন্ত্রক

হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়

সেগুনবাগিচা, ঢাকা

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থার জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ
২. সিনিয়র অর্থ সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা